দৈনিক ইত্তেফাক

২৩৩

তারিখ ... ... APR 19 2000
পৃষ্ঠা ... কলাম ...

## ১৩২ জন ছাত্রীকে পরীক্ষা দেওয়ার অনুমতিদানের জন্য মানবাধিকার কমিশনের আহ্বান

বাংলাদেশ মানবাধিকার কমিশন গতকাল মঙ্গলবার এক বিবৃতিতে মতিঝিল মডেল কলেজের ১৩২ জন ছাত্রীকে আসন্ন এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার আহ্বান জানাইয়া বলিয়াছে,

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ১৩২ জন ছাত্রীকে

(প্রথম পৃষ্ঠার পর)

অন্যথায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে ছাত্রীদের পক্ষে আদালতে মামলা দায়ের করা হইবে। বিবৃতিতে বলা হয়, দীর্ঘ প্রায় দুই বছর শিক্ষা গ্রহণের পর চূড়ান্ত পরীক্ষার প্রাক্কালে মতিঝিল মডেল কলেজের ছাত্রীরা জানিতে পারে চলতি বছর তাহারা এই পরীক্ষা দিতে পারিবে না। ছাত্রীদের শিক্ষা জীবনের একটি বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ মানবাধিকার কমিশন বিশ্বাস করে সরকারের সংশ্লিষ্ট দফতর তথা শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যৌথভাবে উল্লেখিত বিষয়টির উপর গুরুত্ব প্রদান করিবে এবং ১৩২ জন ছাত্রীকে মানবিক কারণে জীবনের একটি শিক্ষা বছর যাহাতে ক্ষতি না হয় সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে। ইহাছাড়া কাহারও দায়িত্বে অবহেলার জন্য যদি ১৩২ জন ছাত্রীর জীবনে এই দুর্ভোগ নামিয়া আস[...] কারণ হয় তাহা হইলে অবশ্যই দায়িত্ব[...] কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে ক[...] শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া আবশ্যক।